



কাজী সিরাজুল ইসলাম

১৯৪০ সালের ১৬ অক্টোবর

ফরিদপুর জেলাধীন আলফাডাঙ্গা উপজেলার বানা ইউনিয়নের গড়ানিয়া গ্রাম

কাজী সিরাজুল ইসলামের পিতা ছিলেন কাজী আব্দুল ওয়াহেদ। কাজী সিরাজুল ইসলাম প্রথমে শিরগ্রাম হাই স্কুলে পড়াশুনা করেন এবং পরে ফরিদপুর হাইস্কুল থেকে এস.এস.সি পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হন। ১৯৬২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে গ্রাজুয়েশন ডিগ্রী লাভ করেন। তৎকালীন একটি ব্যাংকের শিক্ষানবীস কর্মকর্তা হিসাবে কর্ম জীবন শুরু করেন।

১৯৬৬ সালে বায়তুল মোকাররম মার্কেটে আমিন জুয়েলার্স নামে নিজেই একটা ব্যবসা প্রতিষ্ঠান শুরু করেন। তিনি একজন প্রতিষ্ঠিত ব্যবসায়ী ও শিল্পপতি। তিনি এলাকার শিক্ষা বিস্তার ও সমাজ সেবায় উল্লেখযোগ্য অবদান রেখেছেন। তিনি বোয়ালমারী উপজেলা সদরে কাজী সিরাজুল ইসলাম মহিলা কলেজ প্রতিষ্ঠা করেছেন। এছাড়াও বোয়ালমারী সরকারি কলেজ, কাদিরদী ডিগ্রী কলেজ, আলফাডাঙ্গা ডিগ্রী কলেজ এবং আলফাডাঙ্গা আদর্শ কলেজের প্রতিষ্ঠাতা সদস্য ছিলেন। বাংলাদেশের একমাত্র বেসরকারি (বার্ন হাসপাতাল) “সিটি হাসপাতাল” এর প্রতিষ্ঠাতা সদস্য। তিনি ১৯৯৬ ও ২০০১ সালের জাতীয় সংসদ নির্বাচনে ফরিদপুর-১ আসন থেকে জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন।

তিনি ১৯৯৫ সালে জসীম উদদীন স্বর্ণপদক, ১৯৯৬ সালে মাওলানা আকরাম খাঁ স্বর্ণপদক এবং ২০০১ সালে সুফী মোতাহার হোসেন স্বর্ণপদক পেয়েছেন।